

নম্বর ৫৩.০০.০০০০.২১২.৩১.০০১(১).১৭-৯২


তারিখ: ১৪.০৬.২০১৭

বিষয়: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ স্বাক্ষর।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মহোদয়ের সাথে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ স্বাক্ষর অনুষ্ঠান আগামী ১৮ জুন, ২০১৭ তারিখ রবিবার সকাল ১১:০০টায় মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নম্বর- ৩৩১, ভবন-৭) অনুষ্ঠিত হবে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত উপস্থিত থাকার সম্মতি জ্ঞাপন করেছেন।

এমতাবস্থায়, চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধানদের (চেয়ারম্যান/এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক) অনধিক একজন কর্মকর্তাসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। স্ব স্ব প্রতিষ্ঠানের চুক্তির ২টি সেট দুটি আলাদা নির্দিষ্ট ফোন্ডারে সংযুক্ত করে আগামী ১৫.০৬.২০১৭ তারিখ দুপুর ১২ টার মধ্যে আবশ্যিকভাবে এ বিভাগের বাজেট অধিশাখায় প্রেরণ করতে হবে।

সংযুক্ত: চুক্তির কপি ১ (এক) সেট


(মোঃ মনিরুল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫৯১০৯

বিতরণ-কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, জীবন বীমা টাওয়ার, ১০, দিলকুশা, ঢাকা।
৩. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, দিলকুশা বা/এ, ঢাকা।
৪. এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি, ৮, শহিদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফৈশা প্লাজা (৭ম তলা), বড়মগবাজার, ঢাকা-১২১৭।
৫. অতিরিক্ত সচিব (সকল), ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৬. চেয়ারম্যান, সোনালী/ জনতা/ অগ্রণী/ রূপালী/ বেসিক/ বিডিবিএল/ আনসার-ভিডিপি/ প্রবাসী কল্যাণ/ কর্মসংস্থান ব্যাংক/ বাকুবি/ রাকাব/ বিএইচবিএফসি/ আইসিবি/ সাধারণ বীমা/ জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. সিইও ও ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/ জনতা/ অগ্রণী/ রূপালী ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বেসিক/ বিডিবিএল/ আনসার-ভিডিপি/ প্রবাসী কল্যাণ/ কর্মসংস্থান ব্যাংক/ বাকুবি/ রাকাব/ বিএইচবিএফসি/ আইসিবি/ সাধারণ বীমা/ জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১০. উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

বিতরণ-জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। উপসচিব, নিরাপত্তা অধিশাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে সভায় যোগদানের নিমিত্ত বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ।
- ২। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়-অর্থমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৩। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪। সিনিয়র সহকারী সচিব, গ্রহণ, বিতরণ ও সেবা-আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষটি প্রস্তুত রাখার অনুরোধসহ।
- ৫। প্রোগ্রামার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।